গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর- ৫৭.০০.০০০০.০৫৩.৩৩.০০১.২৩.১৭৬

তারিখঃ ১১ আষাঢ় ১৪৩১
২৫ জুন ২০২৪

**বিষয়: এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষা-২০২৪ এবং আলিম পরীক্ষা, ২০২৪ গ্রহণের বিষয়ে জেলা প্রশাসন ও সংশ্লিষ্টদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষা ২০২৪ আগামী ৩০/০৬/২০২৪ তারিখ হতে ১১/০৮/২০২৪ তারিখ পর্যন্ত তাত্ত্বিক পরীক্ষা এবং ১২/০৮/২০২৪ তারিখ থেকে ২৩/০৯/২০২৪ পর্যন্ত ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন আলিম পরীক্ষা ২০২৩ আগামী ১৭/০৮/২০২৩ তারিখ হতে ২৬/০৯/২০২৩ তারিখ পর্যন্ত তাত্ত্বিক পরীক্ষা এবং ২৭/০৮/২০২৩ তারিখ তারিখ থেকে ০৪/০৯/২০২৩ পর্যন্ত ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার সময়সূচি ও কেন্দ্রের তালিকা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে www.bteb.gov.bd এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে www.bmeb.gov.bd আপলোড করা আছে। বর্ণিত পরীক্ষাসমূহ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জেলা প্রশাসকগণকে নিম্নরূপ নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হল:

(ক) সকল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবদের নিয়ে পরীক্ষা সংক্রান্ত সভা আহবান ও নির্দেশনা প্রদান;

(খ) কেন্দ্রে ১৪৪ ধারা জারি;

(গ) প্রয়োজনীয় সংখ্যক পরিদর্শক দল (ভিজিলেন্স টিম) গঠন ও তত্ত্বাবধান;

(ঘ) আইন শৃঙ্খলা রক্ষা ও নিরাপত্তার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ঙ) পরীক্ষা কেন্দ্রে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, টেলিযোগাযোগ ও ইন্টারনেট সেবা সচল রাখা;

(চ) উত্তরপত্র ডাকযোগে প্রেরণের জন্য পরীক্ষার নির্ধারিত দিনে নির্দিষ্ট সময় পর্যন্ত স্থানীয় পোস্ট অফিস খোলা রাখা;

(ছ) পরীক্ষা সংক্রান্ত দৈনন্দিন তথ্যাদি পরীক্ষা শেষ হওয়ার পরপরই বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-কে অবহিতকরণ;

(জ) পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্য সেবা ও ফায়ার সার্ভিসের সেবা প্রদান নিশ্চিতকরণ।

২৭.০৬.২০২৪

(আনিসুল ইসলাম) (১৫০১৩)
উপসচিব
টেলিফোনঃ (ল্যান্ড) +৮৮০২৫৫১০১১৩০
(মুঠো) +৮৮০১৭১২১৮২১৫১
ইমেইল: dstech3@tmed.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃষ্টি আকর্ষন: অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা]

**অনুলিপিঃ**

১। মাননীয় প্রধানমন্ত্রীর মূখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৪। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ।
৫। সচিব, বিদ্যুৎ বিভাগ।
৬। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৭। সচিব, সুরক্ষা সেবা বিভাগ।
৮। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ।
৯। বিভাগীয় কমিশনার (সকল)।

২৭.০৬.২০২৪
(আনিসুল ইসলাম) (১৫০১৩)
উপসচিব

C:\Users\User\Desktop\H.S.C-2024\জেলা প্রশাসক-কে নির্দেশনা প্রদান।.docx